



ক্ষমতায় থাকাকালে দুর্নীতিতে জড়াননি জামায়াতের মন্ত্রীরা: জামায়াত আমির



কারওয়ান বাজার জনসভায় জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

চারদলীয় জোট সরকারের আমলে জামায়াতের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীরা কোনো ধরনের দুর্নীতিতে জড়াননি বলে দাবি করেছেন দলটির আমীর ডা. শফিকুর রহমান।

বৃহস্পতিবার দুপুরে রাজধানীর কারওয়ান বাজারে আয়োজিত এক জনসভায় তিনি এ কথা বলেন।

ঢাকা-১২ আসনে দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী সাইফুল ইসলাম মিলনের নির্বাচনী পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দায়িত্ব পালনকালে তারা মন্ত্রণালয়ের স্বচ্ছতা রক্ষা করেছেন এবং অনিয়মে জড়াননি। তার ভাষায়, আসন্ন ১৩ তারিখের পর দেশের পরিস্থিতিতে বড় পরিবর্তন দেখা যাবে এবং অধিকাংশ চাঁদাবাজের দৌরাভ্য কমে আসবে। চাঁদাবাজি প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি দলীয় নেতা-কর্মীরাও সক্রিয় থাকবেন বলেও জানান তিনি।

শেরপুরের সাম্প্রতিক ঘটনার প্রসঙ্গ টেনে ডা. শফিকুর রহমান বলেন, প্রভাব খাটিয়ে নির্বাচনী পরিবেশ নিজেদের অনুকূলে নেওয়ার চেষ্টা হলে তরুণ সমাজ তা প্রতিহত করবে।

পরিবেশ ও আবহাওয়ার পরিবর্তন নিয়ে উদ্বেগ জানিয়ে তিনি বলেন, পূর্ববর্তী সরকারের অব্যবস্থাপনা ও প্রকৃতির ওপর অতিরিক্ত হস্তক্ষেপের কারণে জলবায়ুর ভারসাম্য নষ্ট হয়েছে। ঋতুচক্রের স্বাভাবিকতা হারিয়ে যাওয়ার জন্য মানবসৃষ্ট ক্ষতিই দায়ী বলে মন্তব্য করেন তিনি।

দেশের ইতিহাস প্রসঙ্গে তিনি স্মরণ করেন, ১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির মাধ্যমে যে ভৌগোলিক সীমানা তৈরি হয়, সেই বাস্তবতার ধারাবাহিকতায় ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ সংঘটিত হয়। নিপীড়ন ও বঞ্চনার বিরুদ্ধে জনগণের সেই সংগ্রামের মধ্য দিয়েই স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় ঘটে বলেও তিনি উল্লেখ করেন।